একুশ মানে : বাংলা বলার প্রতিশ্রুতি
একুশ মানে : বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে : সত্য জয়ের অধিকার
একুশ মানে : সরাসরি কথা বলা
একুশ মানে : দেশের প্রতি নি:শর্ত ভালোবাসা
একুশ মানে : নন্দিত মনের সুন্দর ভুবন

একুশ নিউজ মিডিয়া
Ekush News Media
6362-302 Hollywood Blvd, Hollywood, CA 90028
Phone:: (818) 941 3876 / (213) 925 4652
Fax (877) 226-4524

আমাদের সংস্কৃতির অসীম অহংকার

একুশ

পশ্চিম উপকূলের বাংলা পত্রিকা
Bangla Newspaper From West Coast

সাবধান, শপ লিফটিং-এর জন্য নাগরিকত্ব বাতিল হয়ে যেতে পারে ?

প্রবাসী সাবধান

একুশ রিপোর্ট

বিগত সংখ্যায় আমরা লিখেছিলাম চেক বাউন্স হওয়া থেকে সাবধান, এর জন্য নাগরিকত্ব বাতিল হয়ে যেতে পারে। এবার সকলের অবগতির জন্য জানাচ্ছি শপ লিফটিং থেকে সাবধান ! যে কোন মূল্যের হোক না কেন, কাউন্টারে তার মূল্য না দিয়ে নিজের মনে করে নিয়ে যাওয়ার সময় যদি সিকিউরিটি ..পৃ..৩

Ekush (Bengali Community Newspaper) Hollywood, California, USA ▲ Volume 02, Issue 09, August 15, 2007 ▲ www.ekush.info ▲ ১৫ আগস্ট ২০০৭ বুধবার ▲ ৩০ রজব ১৪২৮ ▲ ৩১ শ্রাবণ ১৪১৪

''দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ''

আসুন আমরা সবাই মিলে প্রবাসেই ছোটোখাটো বাংলাদেশকে তুলে ধরি উচিটার ফোবানায়:

-ফোবানা ২০০৭-এর কনভেনর রবিউল করিম বেলাল

ক্যানসাসের উচিটা শহরে আসন্ন ফোবানা সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে লেবার ডে উইকেন্ড অর্থাৎ ৩১ আগস্ট থেকে ২ সেপ্টেম্বর, ২০০৭। এই প্রথমবারের মতো ফোবানাকে মূলধারার সাথে এই প্রজন্মকে সম্পৃক্ত করার জন্য ফোবানা কর্মকর্তাবৃন্দ উদ্যোগ নিয়েছে এবং এটা হতে যাচ্ছে ২১ বছরের ফোবানা সম্মেলনের ইতিহাসে মাইলস্টোন।

কথাগুলি বললেন লস এঞ্জেলেসের প্রিয়মুখ ও ফোবানা ২০০৭-এর কনভেনর রবিউল করিম বেলাল। ..পৃ..২

লেবার ডে উইকেন্ডে লস এঞ্জেলেসে আবার

বাংলাদেশ মেলা

বাংলাদেশ মেলা ২০০৬-এর অভূতপূর্ব সাফল্যের অংশীদার সাউদার্ণ ক্যালিফোর্ণীয়াবাসীবৃন্দ । ছবি–একুশ

একুশ রিপোর্ট:

বাংলাদেশ মেলা কমিটি আয়োজিত লস এঞ্জেলেসে ১ ও ২ সেপ্টেম্বর, ২০০৭ (লেবার ডে উইকএন্ড), শনি ও রবিবার শ্যাটো রিক্রিয়েশন সেন্টারের মাঠে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনায় হতে যাচ্ছে 'বাংলাদেশ মেলা'। প্রতি বছর উক্ত মেলায় হাজার হাজার প্রবাসী কমিউনিটি একত্রে মিলন মেলায় হাজির হয়। এ উপলক্ষে ছোটদের চিত্রাংকন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা হবে এবং সংকলন প্রকাশিত হবে। যারা লেখা, বিজ্ঞাপন ও স্টল দিতে ইচ্ছুক তারা (৩২৩) -৩২১ -২০২৮ নাম্বারে যোগাযোগ করতে পারেন। বাংলাদেশ মেলার বিশেষ আকর্ষণ বাংলাদেশ থেকে আগত অতিথি শিল্পী। দু'দিন ব্যাপী আয়োজিত এই বাংলাদেশ মেলায় র‌্যাফেল ড্র হবে যার প্রথম প্রাইজ লস এঞ্জেলেস ঢাকার রাউন্ড টিকেট। দ্বিতীয় পুরস্কার বড় পর্দার টিভি এবং তৃতীয় পুরস্কার হোম থিয়েটার সাউন্ড সিস্টেম। নিউজ মিডিয়া পার্টনার হিসাবে রয়েছে একুশ পত্রিকা ও টিভি মিডিয়া হিসাবে এনটিভি।

বঙ্গবন্ধু ফিরে আসে বার বার

আজ শোকাবহ ১৫ই আগস্ট

একুশ ডেস্ক

যতদিন রবে
পদ্মা, মেঘনা,
গৌরি, যমুনা
বহমান
ততদিন রবে
কীর্তি তোমার
শেখ মুজিবর রহমান

শান্তির দুই সৈনিক: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি মাদার টেরেসার শ্রদ্ধাঞ্জলী নিবেদনের কল্পচিত্র। -শিল্পী মামুন রিয়াজী

শেখ মুজিবুর রহমান কোনও ব্যক্তি, দল বা গোষ্ঠীর প্রতিনিধি নন।

বাঙালি জাতির অবিসংবাদিত নেতা শেখ মুজিব

..পৃ ..৬

ফোবানার সদস্য সচিব রেহান রেজার সাথে একান্ত সাক্ষাৎকার

ফোবানার পক্ষ থেকে একুশ পত্রিকার সাথে উদ্যোক্তাদের অন্যতম ফোবানা ২০০৭ কমিটির সদস্য সচিব রেহান রেজা এবারের ভিন্ন ধর্মী আয়োজন নিয়ে কথা বলেন।

** ক্যানসাসে ফোবানা সম্মেলনে ৩০টি স্টেটের ৫০-এর অধিক সংগঠন অংশগ্রহণ করতে যাচ্ছে এবার।

** প্রবাসেও মূলধারার ও এই প্রজন্মের সেতু বন্ধন অঙ্গীকারে এবারের ফোবানায় আসছেন নতুন প্রজন্মের আমেরিকা মিস জুনিয়র নোরা আলী, মূলধারার রাজনীতির ডেমোক্র্যাটিক পার্টির ভাইস চেয়ারম্যান প্রথম এশিয়ান কংগ্রেসম্যান মাইক হোন্ডা দেশে এবং বিদেশে প্রচুর শিল্পী, বুদ্ধিজীবি এবং কলা কুশলীবৃন্দ।

ক্যানসাসে রয়েছে ব্যবসা-বাণিজ্য, রিয়্যাল এস্টেট, স্কুল-কলেজ - প্রচুর সুব্যবস্থা, এখানে ৪-৫ বেডরুমের নতুন বাড়ি পাওয়া যায় মাত্র ১৫০-২৫০ হাজারের ভিতর সুন্দর জায়গায়।

** ক্যানসাসের প্রবাসী বাঙালিরা এখানে বিভিন্ন পেশায় নিয়োজিত। বিভিন্ন ধরণের সুযোগ সুবিধা রয়েছে অন্যান্য বড় বড় স্টেটের তুলনায় এবারের ফোবানায় রয়েছে নতুন প্রজন্মের জন্য অনেক কার্যক্রম, ট্যালেন্ট সার্চ, ইয়ূথ ফোরাম, বাচ্চাদের খেলার ব্যবস্থা, ..পৃ..২

ফোবানা কমিউনিটির আশা-আকাংখার প্রতীক

একুশ পত্রিকার সাথে এক সাক্ষাকারে ফোবানা-২০০৭ কমিটির প্রধান কনসালট্যান্ট আতিকুর রহমান বলেন: বিশ (২০) বছরের তরতাজা একজন যুবককে সুশৃংখলার শিক্ষা দেওয়া তেমন কোন কঠিন ব্যাপার নয় যদি তরুণ থাকাবস্থায় সে উচ্ছন্নে না যেয়ে থাকে। ঠিক একইভাবে ফোবানা (ফেডারেশন অব বাংলাদেশী অর্গানাইজেশন ইন নর্থ আমেরিকা)-কে কমিউনিটির কল্যাণকর একটি প্রতিষ্ঠানে পরিণত করার কঠিন দায়িত্ব বর্তেছে সচেতন প্রবাসীদের উপর। যুগের সাথে তাল মিলিয়ে স্বদেশ-সংস্কৃতির আদলে ফোবানাকে এগিয়ে নেওয়ার দায়িত্ব শুধু ফোবানা কার্যকরী কমিটির নয়, সকলের। কমিউনিটির জন্যে যাদের সামান্যতম দরদ রয়েছে, স্বদেশ-স্বজনকে যারা ভালোবাসেন, প্রিয় মাতৃভূমির সুখবরে যারা উল্লাস করেন তারাই হচ্ছেন ফোবানার প্রাণ, ফোবানা সংগঠক এবং ফোবানাকে এগিয়ে নেওয়ার সৈনিক। প্রতিষ্ঠার সময়েই সংশ্লিষ্ঠরা অঙ্গীকার করেছেন যে ..পৃ..৩

খালেদা জিয়ার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদের সন্ধানে দুদক

তারেকের বিরুদ্ধে মামলা হচ্ছে

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি'র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার বৈধ সম্পত্তির বাইরে জ্ঞাত আয় বহির্ভূত সম্পদের সন্ধানে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল মঙ্গলবার দুদক সচিব মো. মোখলেস-উর-রহমান সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, আইন অনুযায়ী তার সম্পদ বিবরণীর ভিত্তিতে অনুসন্ধান শুরু হয়েছে। এদিকে তারেক রহমানের বিরুদ্ধে শীঘ্রই মামলা হচ্ছে বলে জানান দুদক সচিব। অপরদিকে সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার দুদকের নোটিসের ওপর রিট প্রসঙ্গে তিনি বলেন, সুপ্রিমকোর্ট যে রায় দেবে, সেই রায় অনুযায়ী কমিশন কাজ করবে।

গত ৬ আগস্ট বেগম খালেদা জিয়া ৪ কোটি টাকার স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাবের বিবরণী দুদকে দাখিল করেন। খালেদা জিয়ার পক্ষে তার আইনজীবী এডভোকেট আহমেদ আযম খান দুদক সচিব মো. মোখলেস-উর-রহমানের কাছে এ সম্পত্তির হিসাবের বিবরণী দাখিল করেন।

বিএনপি'র সিনিয়র যুগ্ম সচিব তারেক রহমানের বিরুদ্ধে অনুসন্ধান শেষ হয়েছে। কমিশনের অনুমোদন পেলেই তার বিরুদ্ধে মামলা দায়ের করা হবে। একইসঙ্গে তার স্ত্রী জুবাইদা রহমান ও শাশুড়ি ইকবাল মান্দ বানুকেও আসামী করা হচ্ছে বলে জানা গেছে। ।ইত্তেফাক রিপোর্ট ।

ব্যয় সঙ্কোচন করছে সরকার

বন্যা পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন পদক্ষেপ

সৈয়দ সামসুজ্জামান নীপু: দেশব্যাপী ভয়াবহ বন্যার কারণে আবারো সর্বাত্মক কৃচ্ছ্রতা বা ব্যয় সঙ্কোচন নীতি অনুসরণের উদ্যোগ নিচ্ছে সরকার। ব্যয় হ্রাস করার পদক্ষেপ হিসেবে উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের বেশ কয়েকটি খাতে ব্যয় কাটছাঁট করার প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল মঙ্গলবার অর্থ মন্ত্রণালয়ের পক্ষ থেকে ব্যয় সঙ্কোচন সম্পর্কিত একটি ফাইল অর্থ ও বাণিজ্য উপদেষ্টার অনুমোদনের পর প্রধান উপদেষ্টার চূড়ান্ড় অনুমোদনের জন্য পাঠানো হয়েছে বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে। প্রধান উপদেষ্টার অনুমোদনের পর এ সম্পর্কে অর্থ মন্ত্রণালয়ের বাজেট শাখা থেকে একটি পরিপত্র জারি করা হবে বলে জানা গেছে। এদিকে, অর্থ মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, এর আগে অন্তত দু'বার এই ধরনের ব্যয় সঙ্কোচন নীতি অনুসরণের ফলে প্রতিবছর ৩০০ কোটি টাকার ওপর সাশ্রয় করা সম্ভব হয়েছিল। গত অর্থবছরে ব্যয় সঙ্কোচনের ফলে সাশ্রয় করা সম্ভব হয়েছিল ৩১৫ কোটি টাকা। ব্যয় সঙ্কোচনের ফলে এবার যে পরিমাণ অর্থ পাওয়া যাবে তা দিয়ে বন্যায় ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠান সংস্কারসহ আরো কয়েকটি খাতে ব্যবহারের সুপারিশ করা হয়েছে বলে অর্থ মন্ত্রণালয় সূত্র জানায়। তবে অন্যান্যবার ব্যয় সঙ্কোচন কর্মসূচির সময় জনপ্রতি সরকারি আপ্যায়ন ব্যয় কমানোর পদক্ষেপ নেয়া হলেও এবার এ ব্যয় কমানোর কোনো উদ্যোগ নেয়া হবে না। এর পাশাপাশি গাড়ি ব্যবহারে সর্বোচ্চ মিতব্যয়িতা এবং বিশেষ প্রয়োজন ব্যতীত সরকারি কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ না করার নির্দেশ দেয়া হবে বলে অর্থ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

সূত্র জানায়, ব্যয় সঙ্কোচন নীতির অংশ হিসেবে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের টেলিফোন, বিদ্যুৎ, পানি এবং গ্যাস ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ মিতব্যয়িতা অবলম্বনের নির্দেশ প্রদান করা হবে। এসব খাতে কোনো বিল বকেয়া রাখা যাবে না। এ ছাড়াও অনুন্নয়ন বাজেটের অধীনে সব ধরনের যানবাহন ক্রয়ের ক্ষেত্রে অর্থবিভাগের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। বাজেটে এ খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকলেও গাড়ি ক্রয়ের ব্যাপারে অর্থবিভাগের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। এ ছাড়া এডিপিভুক্ত নতুন কোনো প্রকল্পে গাড়ি কেনা নিষিদ্ধ করারও কথা বলা হয়েছে। ..পৃ..৩

বন্যার্তদের পাশে দাঁড়ান

একুশ রিপোর্ট:

বন্যায় ভাসছে দেশ। সে চিরাচরিত দুর্গতি। আশ্রয় নেই, খাদ্য নেই, পানিয় জল নেই। দেশের প্রায় এক কোটি মানুষ এখন চরম দুর্গতির মধ্যে তাদের দিন কাটাচ্ছে। ইতিমধ্যে বন্যার জল কমতে শুরু করলেও দুর্গতি কমছে না। দেখা দিয়েছে বিভিন্ন রোগ বালাই। জলবাহিত রোগ বিশেষ করে কলেরা মহামারী আকার ধারণ না করলেও ব্যাপক আকার ধারণ করেছে। ঢাকা উদরাময় হাসপাতালে কলেরা রোগীর ভীড়ে প্রতিদিন বলতে গেলে এক নজীরবিহীন অবস্থার সৃষ্টি হচ্ছে। অন্যদিকে ভাটির দিকে জল প্রবলবেগে নেমে যাবার ফলে দেখা দিয়েছে আর এক কঠিন সমস্যা। আর তা হলো নদী ভাংগন। প্রতিদিনই নদী ভাংগনের করাল গ্রাসে সর্বশ্রান্ত হয়ে যাচ্ছে অসংখ্য মানুষ। মোটের উপর দেশের মানুষ এখন এক কঠিন সময় পার করছে।

একজন সচেতন দেশপ্রেমিক হিসেবে দেশের এই ক্রান্তিলগ্নে আমরা চুপ করে বসে থাকতে পারি না। দেশের জন্য কিছু করার সুযোগ চলে যাচ্ছে। সোনালী এক্সচেঞ্জ, লস এঞ্জেলেস শাখা প্রধান উপদেষ্টার নামে একটি হিসাব খুলেছে।

আপনার সাধ্যমত অর্থ আপনি বিনা কমিশনে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে পাঠাতে পারেন। আপনি সোনালী এক্সচেঞ্জে গেলেই তারা আপনাকে সব ধরণের সহযোগিতা করবে। আমাদের একটি ডলার দেশের বন্যার্তদের একটি পরিবারের এক বেলার খাবার ...পৃ..৬

বাংলাদেশের ভয়াবহ বন্যার সাহায্যার্থে লস এঞ্জেলেসে ব্যাপক কর্মসূচী

একুশ রিপোর্ট

এবারের বাংলাদেশের বন্যা পরিস্থিতি ভয়াবহতায় পরিণত হয়েছে। ইতিমধ্যে ৩৮টি জেলা নিমজ্জিত। বিস্তীর্ণ এলাকা পানির তলে তলিয়ে গেছে। প্লাবিত এলাকার পরিস্থিতির মারাত্মক অবনতি হয়েছে। হাজার হাজার মানুষ গৃহহারা। শিশু, মহিলা, বৃদ্ধ, বৃদ্ধা সকলেই ত্রাণ ও আশ্রয়ের জন্য হাহাকার করছে। বিশুদ্ধ পানি ও খাদ্যাভাবে কষ্ট পাচ্ছে। গবাদি পশু মারা যাচ্ছে। চিকিৎসার জন্য ঔষধের প্রয়োজন। প্রবাসের বাংলাদেশী মানুষ স্বদেশের এই দুর্ভোগের সময় বসে নেই। যে যেভাবে পারছে তাদের সাধ্যমত সাহায্য সহায়তা করছেন। লস এঞ্জেলেসের নেতৃবৃন্দ সর্বসাধারণের কাছে ভয়াবহ বন্যার পরিস্থিতির কথা তুলে ধরবেন। গত ৭ আগস্ট, ২০০৭, মঙ্গলবার বিকাল ৫:৩০ মিনিটে বাংলাদেশ কনসুলেট জেনারেল অফিস কমিউনিটির নেতৃবৃন্দকে নিয়ে এক আহুত সাংবাদিক সম্মেলন করেন। উক্ত অনুষ্ঠানে লস এঞ্জেলেসের বিভিন্ন সংগঠক, নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। কনসাল জেনারেল জনাব মো: আবু জাফর সাংবাদিক সম্মেলনে স্থানীয় কমিউনিটির মানুষদেরকে ব্যক্তিগতভাবে বা সাংগঠনিকভাবে অথবা দলগতভাবে প্রধান মন্ত্রীর 'রিলিফ ফান্ড এন্ড ওয়েলফেয়ার ফান্ড'-এ বন্যার্তদের সাহায্য অনুদান প্রদানের আহ্বান জানান। ..পৃ..৬

আমেরিকার মূলধারা ও নতুন প্রজন্মের সেতুবন্ধন

ক্যানসাস ফোবানা সম্মেলনে ৫০তম জুনিয়র মিস আমেরিকা নোরা আলী আসছেন

সৌজন্য ছবি: আমেরিকাস জুনিয়র মিস

ক্যানসাস ২১তম বাংলাদেশী সম্মেলন ফোবানা - ২০০৭ এবারের শ্লোগান ''প্রবাসে মূলধারা এবং নতুন প্রজন্মের সেতুবন্ধন'' এই অঙ্গীকারে আমন্ত্রণ জানানো হয়েছে। আমেরিকার বিভিন্ন অঙ্গরাজ্যের এ প্রজন্মের শিল্পী এবং প্রবাসে বাংলাদেশী কৃতি সন্তানদের। এর মধ্যেই ৫০তম জুনিয়র মিস আমেরিকা বাংলাদেশী নোরা আলী ছিনিয়ে নিয়েছে স্বর্ণপদক। সবচেয়ে দরিদ্র দেশের ইমিগ্র্যান্ট পরিবারের সন্তান কর্তৃক 'জুনিয়র মিস আমেরিকা' শিরোপা ছিনিয়ে নেয়ার মাধ্যমে এ প্রতিযোগিতায় ৫০ বছরের ইতিহাসে নতুন রেকর্ড গড়লেন তিনি। ক্যানসাস ফোবানা আমন্ত্রণ - নোরা আলীর পরিবার সানন্দে গ্রহণ করেছেন।

..পৃ ..২

ইফতেখার মোর্তজা কোর্টে নিজেকে নির্দোষ হিসাবে দাবী করেছে

একুশ রিপোর্ট

১০ আগস্ট, ২০০৭, শুক্রবার কোর্টে ভ্যাননাইসের ইফতেখার মোর্তজা (২২) এবং ওয়েস্ট হলিউডের ভিটালি কৃষ্ণপুরভ (২১) নিজেদেরকে নির্দোষ হিসাবে দাবী করেছে। অভিযোগ ছিল প্রাক্তন গার্লফ্রেন্ডের পিতা ও বোনকে হত্যা এবং মাতাকে মারাত্মকভাবে প্রহারের ফলে মৃতপ্রায়। ঘটনা ঘটেছে গত মে, ২০০৭-এ এনাহায়েম হিলের পারিবারিক বাড়িতে। মোর্তজা ও কৃষ্ণপুরভকে দুই কাউন্ট মার্ডার এবং একটি মারার উপক্রমের জন্য আটক করেছে। গত ২১ মে,২০০৭ পিতা জয়প্রকাশ এবং কৃষ্ণা ধানক (১৮) যিনি শাওনা ধনকের ছোট বোন আরভাইন বিশ্ববিদ্যালয়ের ছাত্রী ছিলেন, যে মোর্তজার সাথে ডেটিং করেছিলো। উভয়ই বিশেষ ঘটনার পরিপ্রেক্ষিতে নিজেদেরকে অভিযুক্ত কিডন্যাপ এবং একাধিক মার্ডার কেস নির্দোষী হিসাবে সাব্যস্ত করেছে। মোর্তজা অভিযোগ করে বলেন যে, শাওনা ধনকের পরিবার তাদের সম্পর্কের ইতি টেনে দিয়েছে এই বলে যে, ..পৃ..২

ইফতেখার মোর্তজা ও নিহত শাওনা ধনক।
সৌজন্য ছবি-অসি রেজিষ্টার।

একই দিনে লস এঞ্জেলেসে পাল্টা অনুষ্ঠান ঘোষণায় কমিউনিটির বিস্ময়!!!

একুশ রিপোর্ট

বাংলাদেশ মেলাকে সামনে রেখে একদল কমিউনিটির ব্যক্তিবর্গ পাল্টা অনুষ্ঠান দেওয়ার ঘোষণায় কমিউনিটির মানুষের মাঝে বিস্ময় দেখা দিয়েছে বলে প্রকাশ। ..পৃ..৩

''ভ্যালীর বিভক্তিকে একত্রীকরণের মধ্যে ঐক্য গঠন আমার লক্ষ্য''

বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালীর
সভাপতি পদপ্রার্থী সামছউদ্দীন মানিক

একুশ ডেস্ক

একুশকে দেওয়া এক সাক্ষাৎকারে আগামী ২০০৭ সনের বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালীর সভাপতি পদপ্রার্থী সামছউদ্দীন মানিক বলেন যে, ভ্যালীতে প্রবাসী বাংলাদেশীদের মধ্যে বিভক্তিকে একত্রীকরণের মাধ্যমে ঐক্য গঠন করাই আমার লক্ষ্য। যার কারণে আমি কোন প্যানেল প্রদান করিনি। জনসমর্থনকে অবলম্বন করে একাই ভ্যালী-বাসীদেরকে খেদমত করার জন্য সভাপতি পদপ্রার্থী হয়েছি। ভ্যালীবাসীদের জন্য কমিউনিটি সেন্টার নির্মাণ করা হবে আমার প্রধান লক্ষ্য। নতুন প্রজন্মদের জন্য ...পৃ..২

''আমরা সবাই বাংলাদেশী, আমাদের মধ্যে আঞ্চলিকতার কোন ভেদাভেদ নেই''

বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালীর বর্তমান
সভাপতি ও সভাপতি প্রার্থী এমরান

একুশ ডেস্ক

আগামী ২৬ আগস্ট, ২০০৭ ''বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালী''-র নির্বাচন নিয়ে পুরো ভ্যালীবাসীদের মধ্যে আনন্দমুখর পরিবেশে সুন্দর সুষ্ঠুভাবে নির্বাচনী প্রচারাভিযান কাজ চলছে। সবাই আনন্দিত যে ভোটের মাধ্যমে যোগ্য ব্যক্তিকে নির্বাচিত করার অপূর্ব সুযোগ। গত এপ্রিল, ২০০৭ মাস থেকে বর্তমান সভাপতি এমরানের নির্বাচনী ঘোষণার পর পরই শুরু হচ্ছিলো নির্বাচনের প্রস্তুতি। অত্যন্ত শিক্ষিত ও অভিজ্ঞ নির্বাচন কমিশনারের উদ্যোগে নির্বাচনের প্রতিটি পদক্ষেপ চলছে অত্যন্ত নিখুঁত। ..পৃ..২

'অবৈধ কর্মচারী নিয়োগকারীদের জন্য দুঃসংবাদ' বলেছেন হোমল্যান্ড সিকিউরিটি চীফ

কাজী মশহুরুল হুদা

হোমল্যান্ড সিকিউরিটি চীফ মাইকেল সারটফ বলেছেন, কংগ্রেসে ইমিগ্রেশন বিষয় ফেল করাতে এখন আইন প্রয়োগকারী অবিলম্বে অবৈধ কর্মচারীদেরকে চিহ্নিত করার জন্য নিয়োগকারীদের প্রতি আইনী ব্যবস্থা গ্রহণ শুরু হবে যা মালিক পক্ষদের জন্য ও ইমিগ্র্যান্টদের জন্য দুঃসংবাদ। কংগ্রেসের ঘটনার পর যে সকল বিষয়ের উপর প্রাথমিকভাবে জোর দেওয়া হবে তা হলো কর্মক্ষেত্রে আইন প্রয়োগ, বর্ডার অঞ্চলে এজেন্টের সংখ্যা বৃদ্ধি করা, অবৈধ ইমিগ্রেশন নিয়োগের জন্য জরিমানার পরিমাণ বৃদ্ধি করা, বিশেষতঃ যে সকল প্রতিষ্ঠান ইমিগ্রেশন নির্ভরশীল, যেমন- হাসপাতাল, হেলথ কেয়ার, এগ্রিকালচার ইত্যাদি। সিকিউরিটি চীফ চারটফ বলেছেন, এর জন্য হয়তো কিছু অর্থনৈতিক দুরবস্থার সম্মুখীন হতে হবে। ..পৃ..৩

একুশের কার্টুন